

২০২২

দ্বিতীয় সেমিস্টার

বাংলা — সাধারণ

MURALIDHAR GIRLS' COLLEGE
LIBRARY

পত্র : GE/CC-2

(ঐতিহাসিক ভাষাবিজ্ঞান, ছন্দ ও অলংকার)

পূর্ণমান - ৬৫

প্রাপ্তলিখিত সংখ্যাগুলি পূর্ণমান নির্দেশক।
উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা বাঞ্ছনীয়।

১। (ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার সময়সীমা উল্লেখ করে এই ভাষা থেকে উদ্ভূত প্রাকৃতের স্তরগুলি রেখাচিত্রের সাহায্যে দেখাও। ১০

অথবা,

(খ) আদি-মধ্য বাংলা ভাষার রূপতাত্ত্বিক বৈশিষ্ট্যগুলি উদাহরণসহ আলোচনা করো। ১০

২। (ক) যে-কোনো দুটি বিষয় উদাহরণসহ বুঝিয়ে দাও। ৫+৫

দল, কলা, মাত্রা, চরণ।

অথবা,

(খ) উদাহরণসহ মিশ্রবৃত্ত বা অক্ষরবৃত্ত বা তানপ্রধান ছন্দোরীতির বৈশিষ্ট্যগুলি লেখো। ১০

৩। (ক) যে-কোনো দুটি অলংকারের উদাহরণসহ সংজ্ঞা ও বৈশিষ্ট্য লেখো। ৫+৫

যমক, শ্লেষ, পূর্ণোপমা, ব্যাজস্তুতি।

অথবা,

(খ) অনুপ্রাস অলংকার কাকে বলে? অনুপ্রাস অলংকার কয় প্রকার ও কী কী? উদাহরণসহ যে-কোনো দুটি অনুপ্রাস অলংকারের সংজ্ঞা লেখো। ২+২+(৩+৩)

৪। (ক) বৈদিক ভাষা ও সংস্কৃত ভাষার মধ্যে পার্থক্য নির্দেশ করো। ৫

অথবা,

(খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যের বাক্যরীতিগত ও ছন্দোরীতিগত বৈশিষ্ট্যগুলি দৃষ্টান্তসহ উল্লেখ করো। ৫

৫। যে-কোনো একটি কাব্যাংশের ছন্দোলিপি নির্ণয় করো (পদ, পর্ব, পঙ্ক্তি, লয়, মাত্রা ও রীতির উল্লেখ করতে হবে)। ৫×১

(ক) দহনশয়নে তপ্ত ধরণী পড়েছিল পিপাসার্তা
পাঠালে তাহারে ইন্দ্রলোকের অমৃতময় বার্তা।

(খ) অন্যায় যে করে আর অন্যায় যে সহে
তব ঘৃণা তারে যেন তৃণসম দহে।

৬। যে-কোনো একটি কবিতাংশের অলংকার নির্ণয় করো। ৫×১

(ক) আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে!

(খ) এমন মানবজমিন রইল পতিত
আবাদ করলে ফলতো সোনা।

৭। টীকা লেখো (যে-কোনো একটি)। ৫×১

(ক) মধ্যভারতীয় আর্য ভাষার 'অপভ্রংশ' স্তর

(খ) প্রাচীন মাত্রাবৃত্ত / প্রত্ন মাত্রাবৃত্ত

(গ) বক্রোক্তি।

৮। সংক্ষেপে পূর্ণবাক্যে উত্তর দাও। ১×১৫

(ক) প্রাচীন ভারতীয় আর্যভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

(খ) শ্রীকৃষ্ণকীর্তনের প্রেক্ষিতে আদি-মধ্য বাংলার ধ্বনিতাত্ত্বিক একটি বৈশিষ্ট্য লেখো।

(গ) শ্রীকৃষ্ণকীর্তনে 'আমি'-র রূপ কী?

(ঘ) প্রাচীন ভারতীয় আর্যভাষার যুগগত নাম কী?

(ঙ) পালি ভাষায় রচিত একটি নিদর্শনের নাম লেখো।

(চ) দলবৃত্ত ছন্দের অন্য নামগুলি কী কী?

(ছ) বাংলা ছন্দে দল কয় প্রকার ও কী কী?

(জ) 'সাহিত্য' শব্দে কী কী দল আছে?

(ঝ) অতিপর্ব বলতে কী বোঝো?

(ঞ) কোন ছন্দের চলন মধ্যম লয়ের?

(ট) লাটানুপ্রাসের একটি উদাহরণ দাও।

(ঠ) শ্লেষ কয় প্রকার ও কী কী?

(ড) সমাসোক্তি অলংকারের একটি বৈশিষ্ট্য লেখো।

(ঢ) 'মধুহীন কোরো না গো তব মন কোকনদে' — কী অলংকার?

(ণ) 'চঞ্চল আলো কাঁপিছে জলে আশার মতন' — কোন্ অলংকারের প্রয়োগ ঘটেছে?